



জরুরি পত্র

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা
controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর: রাশিবো/মাধ্য-১/পনি- ০৮(কেন্দ্র)/৭১৫

তারিখ: ১১/০৮/২০২৬

বিষয়: ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা তাঁর কেন্দ্রের অধীনে প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র নিম্নবর্ণিত সময়সূচী আনুযায়ী বিতরণ করা হবে।

তারিখ ও সময়

ক্রমিক নং	জেলার নাম	প্রবেশপত্র বিতরণের তারিখ ও সময়	বিতরণের স্থান
১.	সিরাজগঞ্জ	১৩/০৮/২০২৩, সময় ১০.০০ টা	মাধ্যমিক পরীক্ষা শাখা (পুরাতন ভবন, ২য় তলা, কক্ষ নং-১২১৪)
২.	পাবনা	১৫/০৮/২০২৩, সময় ১০.০০ টা	
৩.	নাটোর	১৭/০৮/২০২৩, সময় ১০.০০ টা	
৪.	চাঁপাইনবাবগঞ্জ	১৮/০৮/২০২৩, সময় ১০.০০ টা	
৫.	রাজশাহী	২০/০৮/২০২৩, সময় ১০.০০ টা	

বিঃদ্র: নওগাঁ, বগুড়া ও জয়পুরহাট জেলার প্রবেশপত্র বিতরণের তারিখ ও সময় পরে জানানো হবে।

উল্লিখিত সময়সূচী আনুযায়ী তাঁর কেন্দ্রের অধীনে প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র রাজশাহী শিক্ষা বোর্ডের দ্বিতীয় তলা মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে কেন্দ্র সচিবকে সরবরাহ করা হবে। প্রবেশপত্র গ্রহণের পর দিনই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট তাঁদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রবেশপত্র হস্তান্তর করা হবে। এ ব্যাপারে কোনরূপ ব্যতিক্রম ঘটলে অথবা অভিযোগ পাওয়া গেলে স্ব-স্ব কেন্দ্র সচিব দায়ী থাকবেন। উল্লেখ্য প্রবেশপত্র হস্তান্তরের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে কেন্দ্র ফি ব্যতিত কোন অর্থ আদায় করা যাবে না। তাঁর কেন্দ্রের অধীনে কোন প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের পরীক্ষা সংক্রান্ত কোন প্রকার বকেয়া টাকা পাওনা থাকলে প্রবেশপত্র গ্রহণের পূর্বেই তা পরিশোধ করতে হবে, অন্যথায় উক্ত প্রতিষ্ঠানের প্রবেশপত্র সরবরাহ করা হবে না।

উল্লেখ্য অনুমতিপূর্বক ফরম পূরণ না করে থাকলে এবং ফি প্রদান ব্যতিত কোন প্রবেশপত্র ইস্যু হয়ে থাকলে কালবিলম্ব না করে তা বাতিলের জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট জমা দিতে হবে এবং কেন্দ্র সচিবকে লিখিতভাবে অবহিত করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে কোন প্রকার জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এককভাবে দায়ী থাকবেন। কেন্দ্র সচিব নিজ দায়িত্বে প্রবেশপত্র গ্রহণ করবেন অথবা তাঁর প্রতিনিধি(সহকারি শিক্ষক)কে ক্ষমতা অর্পণপূর্বক তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়ন করে প্রবেশপত্র গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

তাঁর কেন্দ্রের অধীনে প্রতিষ্ঠানসমূহের কতটি প্রবেশপত্র দেয়া হ'ল তাঁর একটি প্রতিবেদন কেন্দ্র সচিব নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করবেন।

প্রফেসর মো: আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন-০২৫৮৮-৮৫৬২৩১

প্রাপকঃ

কেন্দ্র সচিব

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাভুক্ত কেন্দ্র প্রতিষ্ঠান সমূহ

স্মারক নম্বর: রাশিবো/মাধ্য-১/পনি- ০৮(কেন্দ্র)/৭১৫


তারিখ: ১১/০৮/২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/ সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৪. উপজেলা নির্বাহী অফিসার, (রাজশাহী বিভাগ সকল উপজেলা)
৫. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/ সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৬. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৮. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, (মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক/জেএসসি/সনদ/ক্রিপ্ট), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৯. প্রধান মূল্যায়ন অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর
১০. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/ সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
১১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, স্টুয়ার্ড শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ)

করা হ'ল।)

১২. প্রধান শিক্ষক/অধ্যক্ষ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর অধীভুক্ত মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠান সমূহ।
তাঁকে কেন্দ্র সচিবের সঙ্গে যোগাযোগ করে তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র নির্ধারিত সময়ের মধ্যে গ্রহণের অনুরোধ করা হলো। প্রবেশপত্রে কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে জরুরীভাবে বিষয়টি পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে। তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কোনরূপ বকেয়া পাওনা থাকলে কেন্দ্র সচিব কর্তৃক প্রবেশপত্র গ্রহণের পূর্বেই বকেয়া টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কেন্দ্র সচিবকে হস্তান্তর করা হবে না। প্রবেশপত্র গ্রহণের পর যাচাইঅঙ্কে কোনরূপ গরমিল দেখা দিলে আগামী ০২(দুই) দিনের মধ্যে প্রামাণ্য কাগজপত্রসহ প্রতিষ্ঠান প্রধান নিজে উপস্থিত হয়ে পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করবেন। উক্ত তারিখের পর প্রাপ্ত প্রবেশপত্র সংক্রান্ত আবেদন কোনক্রমেই গ্রহণ করা হবে না। এতদপ্রসঙ্গে প্রবেশপত্রের দায়ভার প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।
১৩. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর
১৪. অফিস নথি



মো: মুজুর রহমান খান

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন-০২৫৮৮-৮৫৫৮৫১